আর আমরা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর জন্য তার দুধের অংশ তুলে রাখতাম। তিনি রাতে আসতেন এবং এমনভাবে সালাম দিতেন যাতে ঘুমন্ত ব্যক্তি জাগ্রত না হয় আর জাগ্রত ব্যক্তি শুনতে পায়।

আর আমরা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর জন্য তার দুধের অংশ তুলে রাখতাম।
তিনি রাতে আসতেন এবং এমনভাবে সালাম দিতেন যাতে ঘুমন্ত ব্যক্তি জাগ্রত না হয় আর
জাগ্রত ব্যক্তি শুনতে পায়। অতঃপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম
আসলেন এবং যেভাবে সালাম দেন সেভাবে সালাম দিলেন। [সহীহ] [এটি মুসলিম বর্ণনা করেছেন।]

মিকদাদ ও তার সাথীগণ -রাদিয়াল্লাহু ‘আনহুম- বকরী দোহানোর পর তারা তাদের নিজেদের অংশের দুধ পান করত এবং রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের অংশ তুলে রাখতো; যাতে তিনি এসে তা পান করতে পারেন। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন রাতে তাদের ঘুমের অবস্থায় আসতেন তখন তিনি মধ্যম আওয়াজে, স্বল্পতম প্রকাশ্য শব্দ ও তারচেয়ে একটু ওপরের শব্দে সালাম দিতেন। যাতে ঘুমন্ত লোকদের ঘুম ভেঙ্গে না যায় এবং একই সময়ে যারা জাগ্রত তারা সালাম শুনতে পায়।

http://sunnah.global/hadeeth/bn/show/3757